

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০।

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে গত ২৬ ডিসেম্বর, ২০২৩ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত ২০২৩-২০২৪ অর্থবছরের প্রথম অংশীজনের সভার কার্যবিবরণী।

## সভাপতি :

জনাব মোঃ আবদুস সুলতান  
ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল।

স্থান : অনলাইন জুম প্ল্যাটফর্ম,

উপস্থিতি : রেকর্ডেড।

- ১। সভাপতি অনলাইন জুম প্ল্যাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে বিজিএফসিএল-এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) ২০২৩-২০২৪ অর্থবছরের প্রথম অর্ধবার্ষিকী (জুলাই-ডিসেম্বর)-এর অংশীজন (Stakeholders)-এর অংশগ্রহণে সভা শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System)-এর আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) প্রবর্তিত হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০১৪-২০১৫ অর্থবছর থেকে পেট্রোবাংলার সাথে বিজিএফসিএল-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়ে আসছে। উল্লেখ্য, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে কোম্পানির ৯৪.৩৫% সাফল্য অর্জিত হয়েছে। তাছাড়া, কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ পেট্রোবাংলার চেয়ারম্যান ও বিজিএফসিএল-এর ব্যবস্থাপনা পরিচালকের মধ্যে ২১ জুন ২০২২ তারিখে স্বাক্ষরিত হয়।
- ২। সভাপতির অনুমতিক্রমে বিজিএফসিএল-এর অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক) ও উপমহাব্যবস্থাপক(বোর্ড) জনাব মোহাম্মদ মনিরুজ্জামান খান, সভার আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিভিন্ন বিষয় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনায় দু'টি অংশীজনের সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে অনুসারে আজ প্রাতিষ্ঠানিক সেবা গ্রহিতাগণের সাথে বিজিএফসিএল-এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) ২০২৩-২০২৪ অর্থবছরের প্রথম অর্ধবার্ষিকী (জুলাই-ডিসেম্বর)-এর অংশীজন (Stakeholders)-এর প্রথম সভা অনুষ্ঠিত হচ্ছে। সভাকে আরও অবহিত করা হয় যে, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)-এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির(এপিএ) অন্তর্ভুক্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থায়(জিআরএস) ২৬ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত মোট ৪৮(আটচল্লিশ)টি অভিযোগ পাওয়া যায় এবং প্রাপ্ত অভিযোগসমূহ বিজিএফসিএল-এর আপীল কর্মকর্তার সহায়তায় যথাসময়ে নিষ্পত্তি করা হয়। তন্মধ্যে, বিজিএফসিএল-এর কর্মকর্তাগণ কর্তৃক ২(দুই)টি অভিযোগ দাখিল হয়। তাছাড়া, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রতিক্ষেণে অত্র কোম্পানির মোট ৪২(বিয়াল্লিশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণে বিজিএফসিএল-এর আপীল কর্মকর্তা ও পেট্রোবাংলার উপমহাব্যবস্থাপক(এলএনজি) প্রকৌশলী দীন মোহাম্মদ প্রশিক্ষণ প্রদান করেন।

- ৩। সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন-৩) জনাব এ কে এম মিজানুর রহমান সংযুক্ত হয়ে অংশীজনের সভা বেশি বেশি করা, প্রাপ্ত অভিযোগসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে যথাসময়ে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এতদসংক্রান্ত বিভিন্ন ধরনের দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।
- ৪। সভায় পেট্রোবাংলা-এর আওতাধীন কোম্পানিসমূহের অনিক কর্মকর্তাগণসহ বিজিএফসিএল-এর এপিএ-এর বিভিন্ন অংগের ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করে তাদের বক্তব্য উপস্থাপন করেন। আলোচনায় অংশগ্রহণকারীগণ এ সভা আয়োজন করার জন্য বিজিএফসিএল-কে ধন্যবাদ জানিয়ে অংশীজন (Stakeholders) সভার সফলতা কামনা করেন।

সভাপতি বিজিএফসিএল-এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) ২০২৩-২০২৪ অর্থবছরের প্রথম অর্ধবার্ষিকী (জুলাই-ডিসেম্বর)-এর অংশীজন (Stakeholders)-এর অংশগ্রহণকারী সভায় তাদের মতামত ব্যক্ত করার জন্য সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ,

১১ পৌষ ১৪৩০

২৬ ডিসেম্বর ২০২৩

  
(মোঃ আব্দুস সুলতান)

ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল  
এবং

সভাপতি, বিজিএফসিএল-এর জিআরএস-২০২৩-২০২৪  
অর্থবছরের প্রথম অর্ধবার্ষিকী অংশীজন সভা।

